

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিবিল বা/এ, ঢাকা-১০০০ |
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৮০.৪৩.৩০.১৫- ৫।৩।৮

তারিখ : ১০-০৭-২০১৬ খ্রিঃ


সূত্র : ৩৪.০১.০০০০.০৮০.৪৩.৩০.২০১৫-০৬, তারিখ: ১৪-০৭-২০১৫ খ্রিঃ

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হাইলস ফর আভারপ্রিভিলেজড রুরাল ইয়েৎ পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আম্যমাধ কম্পিউটার ভ্যানে আগষ্ট' ২০১৬ মাসে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপ্রয়োগ প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও বরাতের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হাইলস ফর আভারপ্রিভিলেজড রুরাল ইয়েৎ পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে উপজেলা পর্যায়ে এক মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্স আগামী আগষ্ট' ২০১৬ মাসে নিম্নের ছকে বর্ণিত ৭টি বিভাগের ৭টি ভেন্যুতে অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	আগষ্ট' ২০১৬ মাসে প্রশিক্ষণ ভেন্যু (উপজেলা)
০১।	ঢাকা	ফরিদপুর	সদরপুর
০২।	চট্টগ্রাম	কুমিল্লা	সদর (দক্ষিণ)
০৩।	রাজশাহী	বগুড়া	শিবগঞ্জ
০৪।	খুলনা	চুয়াডাঙ্গা	জীবননগর
০৫।	বরিশাল	বরগুনা	বেতাগী
০৬।	সিলেট	সুনামগঞ্জ	ছাতক
০৭।	রংপুর	পঞ্চগড়	তেতুলিয়া

- ২। এক মাসের কোর্সটি প্রতিদিন ২টি শিফটে (সকালের শিফট সকাল ৯টা - দুপুর ১টা ও বিকালের শিফট দুপুর ১ টা - বিকাল ৫টা) বাস্তবায়িত হবে অথবা ভ্যানের ধারণক্ষমতানুসারে শিফট পুনঃবিন্যাস করা যাবে। ১৮-৩৫ বছর বয়সী সমান সংখ্যক এইচ. এস. সি পাস যুবক ও এস.এস.সি পাস যুব মহিলার সমন্বয়ে গঠিত প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ৪০ জন। উল্লেখ্য গুরুমাত্র সিলেট বিভাগে প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ২৪ জন।
- ৩। আইসিটি ট্রেনিং ভ্যান এবং প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক ও গাড়ী চালক সংশ্লিষ্ট ভেন্যু অর্থাৎ উপজেলা সদরে অবস্থান করবে। উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগক্রমে প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক ও গাড়ীচালকদের প্রশিক্ষণকালিন অবস্থানের ব্যবস্থা করতে হবে। আইসিটি ট্রেনিং ভ্যানটি একটি সুবিধাজনক স্থানে (যেখানে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) এবং নিরাপত্তা বেষ্টনীর মধ্যে রেখে মাসব্যাপী প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। সেই সাথে রাত্রিকালিন এবং ছুটির দিনে গাড়ীটিকে নিরাপদ স্থানে (সংশ্লিষ্ট পুলিশ ষ্টেশনের ভেতর রাখা প্রত্যাশিত) রাখার ব্যবস্থা করতে হবে।
- ৪। প্রশিক্ষণ গুরুর কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা (প্রয়োজনীয় সংখ্যক অপেক্ষমান প্রার্থীসহ) যুব উন্নয়ন অধিদপ্তর প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। কোনক্রমেই প্রশিক্ষণার্থীর কোটা খালি রাখা যাবে না অর্থাৎ প্রশিক্ষণার্থী লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। আরো উল্লেখ্য যে, প্রশিক্ষণ সমাপনীর দিন প্রশিক্ষণ সনদ প্রদান নিশ্চিত করার জন্য প্রশিক্ষণ সমাপ্তির ৭ (সাত) দিন পূর্বে পূরণকৃত প্রশিক্ষণ সনদ (যা যথাসময়ে সরবরাহ করা হবে) স্বাক্ষরের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৫। সুবিধাভোগীদের দোরগোড়ায় বিনাখরচে কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা পৌছে দেয়ার এহেন উদ্দেশ্যটি সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার সাথে অত্যন্ত সঙ্গতিপূর্ণ। তাই এর সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা পাওয়ার সুযোগ রয়েছে। এরি আলোকে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও তালিকাভূক্ত যুব সংগঠনকে সম্পৃক্ত করে এ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সেই সাথে এ মহতী কার্যক্রমের ব্যাপক প্রচারণাও চালাতে হবে। উল্লেখ্য প্রশিক্ষণটির উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানের ব্যবস্থাপনা ব্যয়সহ প্রশাসনিক খরচ বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রকল্প হতে যথাসময়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে প্রদান করা হবে।
- এমতাবস্থায় তাঁর জেলাধীন উপজেলায়/উপজেলায় আগামী আগষ্ট/২০১৬ মাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ সুসম্পর্কবরণের নিমিত্ত যথাপ্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে ইহা প্রেরণ করা হলো।


(আবুল হাসান খান) ১০/৭/১৬
যুগ্ম-সচিব
প্রকল্প পরিচালক (জাতীয় দায়িত্ব)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

প্রাপকঃ

- ০১। উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
ফরিদপুর/কুমিল্লা/বগুড়া/চুয়াডাঙ্গা/বরগুনা/সুনামগঞ্জ/পঞ্চগড় জেলা।
- ০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট)।
-----উপজেলা, -----জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলো :

- ০১। মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা।
০২। পরিচালক/প্রকল্প পরিচালক -----, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, ফরিদপুর/কুমিল্লা/বগুড়া/চুয়াডাঙ্গা/বরগুনা/সুনামগঞ্জ/পঞ্চগড় জেলা।
০৪। উপ-প্রধান, যুব ও ক্ষীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পুলিশ সুপার, ফরিদপুর/কুমিল্লা/বগুড়া/চুয়াডাঙ্গা/বরগুনা/সুনামগঞ্জ/পঞ্চগড় জেলা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্ষীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপজেলা চেয়ারম্যান, ----- উপজেলা ----- জেলা।
০৮। উপজেলা নির্বাচী অফিসার, ----- উপজেলা ----- জেলা।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১। অফিস কপি।